অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/7/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মানসিকভাবে অসুস্থ শিশু ও কমবয়সীদের জন্য সেবার তহবিল হিসেবে 4.5 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

স্টেটের তহবিল 10টি ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট দল তৈরি করে যারা মারাত্মক ইমোশনাল সমস্যাসহ শিশুদের সেবা দিয়ে থাকে

নিউ ইয়র্ক স্টেটে শিশুদের মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতার সপ্তাহ চলাকালে এই তহবিল ঘোষণা করা হলো

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 10টি নতুন ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট (Youth Assertive Community Treatment) দল গঠন করার জন্য 4.5 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল দেওয়া হয়েছে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটিতে (New York City) পাঁচটি, লং আইল্যান্ডে (Long Island) দুইটি এবং মেট্রোপলিটন এলাকার উত্তরের এলাকাগুলিতে তিনটি দল রয়েছে। স্টেটের অফিস অফ মেন্টাল হেলথের (Office of Mental Health, OMH) পরিচালিত নতুন মাল্টিডিসিপ্লিনারি দলগুলি আরো 360 জন মারাত্মক ইমোশনাল সমস্যাসহ কমবয়সীদের সমর্থন দিবে যারা হয় ইনপেশেন্ট সেটিং বা আবাসিক সেবার মতো হাই ইন্টেন্সিটি সেবাতে প্রবেশ করার ঝুঁকিতে রয়েছে, বা এমন সেবা থেকে বাড়ি ফিরছে।

"বাড়িতে ফেরার জন্য বা কমিউনিটিতে ফিরে যাওয়ার জন্য মানসিকভাবে অসুস্থ শিশু ও কমবয়সীদের মাঝে মাঝে বাড়তি কেয়ারের প্রয়োজন হয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের Youth Assertive Community Treatment (ACT) প্রোগ্রামটি বড় করার ফলে তা আরো বেশি পরিবারকে এই অতি গুরুত্বপূর্ণ সমর্থন ও সেবা দিতে সাহায্য করবে যার উপর তারা ইনপেশেন্ট কেয়ারের পর বা একটি আবাসিক ফ্যাসিলিটি থেকে নিজেদের সন্তানকে ফেরত আনার ব্যাপারে নির্ভর করতে পারবে।"
নতুন দল গঠন করার জন্য OMH 10টি সেবাদানকারীকে 450,000 মার্কিন ডলার এককালীন স্টার্টআপ তহবিল দিয়েছে, এদের প্রত্যেকে 10 থেকে 21 বছরের মধ্যে 36 জন শিশুকে সেবাদান করবে। যারা অর্থ পাবে:

- Access Supports for Living Inc., তারা ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টিতে সেবাদান করে
- The Charles Evans Center, তারা নাসাউ (Nassau) কাউন্টিতে সেবাদান করে

- Central Nassau Guidance and Counseling, তারা সাফোক (Suffolk) কাউন্টিতে সেবাদান করে
- Children's Home of Wyoming Conference, তারা শেনাঙ্গো (Chenango) কাউন্টিতে সেবাদান করে
- Interborough Developmental & Consultation Center, তারা ব্রুকলিনে (Brooklyn) সেবাদান করে
- The Child Center of NY, ম্যানহাটন (Manhattan) এবং কুইন্সে (Queens) দুইটি দল সেবাদান করে
- Jewish Child Care Association of NY, তারা ব্রঙ্কসে (Bronx) সেবাদান করে
- Child and Family Services of Erie County, তারা ইরি (Erie) কাউন্টিতে সেবাদান করে
- Richmond University Medical Center, তারা স্ট্যাটেন আইল্যান্ডে (Staten Island) সেবাদান করে

এই অর্থ ঘোষণার পাশাপাশি গভর্নর Hochul (হোকল) এছাড়াও একটি ঘোষণাপত্র জারি করেছেন যা নিউ ইয়র্ক স্টেটে শিশুদের মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতার সপ্তাহ (Children's Mental Health Awareness Week) ঘোষণা করেছে। এই সপ্তাহে অ্যালবানিতে (Albany) বার্ষিক চিলড্রেন্স মেন্টাল হেলথ ইভেন্টের (Children's Mental Health) 'আমাদের স্টেটে যা যা মহান (What's Great in Our State)' উদযাপনের সময় এই ঘোষণাপত্রটি পেশ করা হয়, এই উদযাপনে শিশুদের মেন্টাল হেলথের ব্যাপারে সফল অগ্রগতি করা ব্যক্তি ও প্রোগ্রামকে স্বীকৃতি দেওয়া হয়।

যখন 2022 সালে প্রথম দলগুলি গঠন করা হয় তখন নিউ ইয়র্ক দেশের প্রথম স্টেট হিসেবে কমবয়সী এবং তরুণ প্রাপ্তবয়স্কদের সেবাদান করতে সফল অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট মডেল ব্যবহার শুরু করে। স্টেটে এখন 27টি কাউন্টিতে 20টি ইয়ুথ ACT দল আছে, তারা কমবয়সীদের এবং পরিবারের জন্য থেরাপি, ওষুধ ম্যানেজ করা, পরিবার এবং পিয়ার সমর্থন, এবং দক্ষতা তৈরির মতো সেবা দিয়ে থাকে।

অফিস অফ মেন্টাল হেলথের কমিশনার Dr. Ann Sullivan (ডাঃ অ্যান সালিভ্যান) বলেন, "নিউ ইয়র্কের Youth ACT প্রোগ্রামটিতে একটি দুর্দান্ত, দেশের প্রথম হিসেবে এমন একটি মডেল ব্যবহার করা হয় যা মানসিকভাবে অসুস্থ প্রাপ্তবয়স্কদের জন্য অত্যন্ত সফল হিসেবে প্রমাণিত হয়েছে। পুরো স্টেটে দল যোগ করার মাধ্যমে আমরা আরো বেশি কমবয়সী মানুষ এবং তাদের পরিবারকে এমন কেয়ার ও সমর্থনের অ্যাক্সেস দিতে পারি যা ব্যবহার করে তারা নিজেদের কমিউনিটিতেই বাস করতে এবং সমৃদ্ধি করতে পারবে। সফল এই প্রোগ্রামটি বড় করা আমাদের পুরো স্টেটে মেন্টাল হেলথকেয়ার পাওয়ার সুযোগ বাড়াতে গভর্নর Hochul-এর (হোকল) চলমান প্রতিশ্রুতিকে তুলে ধরে।"

ইয়ুথ ACT দলগুলিতে আছে মেন্টাল হেলথ ক্লিনিশিয়ান এবং সাইকিয়াট্রিক প্রেস্ক্রাইবার, পিয়ার অ্যাডভোকেট, এবং ক্লিনিক্যাল সাপোর্ট কর্মী, তারা সপ্তাহে সাত দিন, দিনে 24 ঘণ্টা সমর্থন দিয়ে থাকে। এই দলগুলির মনোযোগ হলো মানসিক অসুস্থতা বা মারাত্মক ইমোশনাল সমস্যার কারণে কমবয়সীদের যে উল্লেখযোগ্য ফাংশনাল ইম্পেয়ারমেন্ট এবং মারাত্মক সিম্পটোমেটোলজি হতে পারে তা ঠিক করা বা এই অবস্থার উন্নত করা।

ক্লিনিক্যাল এবং পুনর্বাসনমূলক হস্তক্ষেপের ক্ষেত্রে এছাড়াও সুস্থতা, স্থিতিশীলতা, এবং রিইন্টিগ্রেশনের জন্য পরিবারের কার্যকারিতার উপর মনোযোগ দেওয়া হয়। একটি পরিবারচালিত, কমবয়সীদের নির্দেশনা অনুযায়ী, এবং ডেভেলপমেন্টের দিক দিয়ে যথাযথ পন্থা ব্যবহার করে সেবা দেওয়া হয় যা কমবয়সী ব্যক্তির চাহিদা সামগ্রিকভাবে পূরণ করে।

কমবয়সীদের মেন্টাল হেলথে গভর্নর Hochul-এর (হোকল) সমর্থনের ফলে কমবয়সীদের জন্য সেবা ও সমর্থনে বড় বিনিয়োগ করা হয়েছে এবং অনলাইনের নিরাপত্তার সমাধান করতে দেশসেরা লেজিস্লেশন আনা হয়েছে। তার 1 বিলিয়ন মার্কিন ডলারের হেলথ উদ্যোগ এবং ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025-এর বাজেট মেন্টাল হেলথ কেয়ার পাওয়ার সুযোগ উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে দিয়েছে এবং কমবয়সী মানুষ ও তাদের পরিবারের জন্য রিসোর্স দিচ্ছে।

গত বছর গভর্নর Hochul (হোকল) ইয়ুথ মেন্টাল হেলথ অ্যাডভাইজরি বোর্ড (Youth Mental Health Advisory Board) গঠন করেন, এটি একটি 30 সদস্যের অ্যাডভাইজরি বোর্ড যেখানে 11 থেকে 17 বছর বয়সের কমবয়সী মানুষ আছে। অ্যাডভাইজরি বোর্ডটি বছরে চারবার সমবেত হয় এবং তাদের কাজ হচ্ছে বিহেভিওরাল হেলথ প্রোগ্রাম ও পলিসি তৈরিতে যাতে কমবয়সীদের কাছ থেকে জানা সেরা প্র্যাকটিস যোগ করা হতে থাকে তা নিশ্চিত করা।

এছাড়াও নিউ ইয়র্ক এখন 1,200টির বেশি স্কুলভিত্তিক মেন্টাল হেলথ ক্লিনিক স্যাটেলাইটকে সমর্থন করে যারা পুরো স্টেটের ডিস্ট্রিক্টগুলিতে মেন্টাল হেলথ সেবা দিয়ে থাকে। এই ক্লিনিকগুলি স্কুল ক্যাম্পাসে একটি লাইসেন্সসহ মেন্টাল হেলথ কেয়ার প্রোভাইডারকে নিয়ে আসে, যার ফলে স্টুডেন্টদের কাছে একটি পরিচিত, স্টিগমামুক্ত পরিবেশে এইসব সেবা পাওয়ার সুযোগ থাকে।

গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে স্টেট এছাড়াও HealthySteps-কে উল্লেখযোগ্যভাবে বড় করেছে, এটি একটি নতুন ধরণের প্রোগ্রাম যা কমবয়সী পরিবারগুলিকে 3 বছরের বা এর কম বয়সের শিশুদের জন্য মানসিক ও শারীরিক স্বাস্থ্য বিকাশের জন্য উচ্চমানের সেবা দিয়ে থাকে। নিউ ইয়র্ক এখন পুরো স্টেটের 35টি কাউন্টিতে 125টি সাইটকে সমর্থন করে।

এছাড়াও স্টেট হোম-বেজড ক্রাইসিস ইন্টারভেনশন (Home-Based Crisis Intervention) দলগুলিকে বড় করে চলেছে, এগুলি অতি গুরুত্বপূর্ণ মেন্টাল হেলথ সেবা দিয়ে থাকে যাতে ঝুঁকিতে থাকা শিশু ও কমবয়সীরা সাইকিয়াট্রিক কারণে হাসপাতালে ভর্তি হওয়া এড়াতে পারে। স্টেট এখন 55টি দলের জন্য তহবিল দেয়, যাদের বছরে 3,500 পরিবারকে সাহায্য করার ক্ষমতা আছে।

নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন ফর চিলড্রেন্স বিহেভিওরাল হেলথের (New York State Coalition for Children's Behavioral Health) প্রেসিডেন্ট এবং CEO Kayleigh Zaloga (কেইলি জালোগা) বলেন, "নিউ ইয়র্কের Youth ACT প্রোগ্রামটি কেশর এবং পরিবারের জন্য বিহেভিওরাল হেলথ সেবার ধারাবাহিকতায় একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, উল্লেখযোগ্য মেন্টাল হেলথ চাহিদাসহ কয়েকশত কমবয়সী মানুষের জন্য নিজেদের পরিবার,

স্কুল, এবং কমিউনিটির সাথে থাকা বা পুনরায় যুক্ত হওয়া সম্ভব করে। মাল্টিডিসিপ্লিনারি দলের পন্থাটি পরিবারগুলির যখন প্রয়োজন হয় তখন তাদের প্রয়োজনীয় সমর্থন দিয়ে থাকে, ইন্টেন্সিভ বাড়ির থেরাপি দেয়, ওষুধ ম্যানেজ করে, এবং প্রত্যেক কমবয়সী ব্যক্তির লক্ষ্য অনুযায়ী সঙ্কটে হস্তক্ষেপ করে। এই কাজটি শুধু অল্প মেয়াদে কমবয়সী ও পরিবারকে স্থিতিশীল করে না বরং এছাড়াও তাদেরকে দক্ষতা, দৃঢ়তা, এবং প্রাপ্তবয়স্ক হওয়ার পর সমৃদ্ধি করতে প্রয়োজনীয় কমিউনিটির সংযোগ গঠন করতে সাহায্য করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন